সেয়ানা শেয়াল আর কমলাফুলি দোয়েল

ছবিঃ ম. মিয়েঝেনিনভ

সেয়ানা শেয়াল আর কমলাফুলি দোয়েল

রুশ লোককাহিনী

MINI PROGRESS & MINI RADUGA

অসাবধানে গর্তে পড়ে গেল সেয়ানা শেয়াল। গভীর সেই গর্তের গা ঘেঁষে দাঁড়িয়ে এক গাছ। কমলাফুলি দোয়েলপাখি খড়কুটো এনে এনে ব্যস্ত হাতে বাসা তৈরি করছিল সেই গাছে। শেয়াল গর্তে বসে বসে দোয়েলকে অনেকক্ষণ ধরে দেখল। তারপর বললঃ

“দোয়েল ও দোয়েল, করছিস কী তুই?”

“আমি বাসা বানাচ্ছি।”

“বাসা দিয়ে কী হবে?”

“বাসায় আমার ছানাদের ফুটিয়ে তুলব ডিম থেকে।”

“শোন দোয়েল, আমাকে ভালোমন্দ এনে খেতে দে শিগগির। নয়ত তোর ছানাগুলো যখন ফুটবে তখন তাদের সবকটাকে আমি খেয়ে ফেলব।”

ভয়ে কেঁদে ফেলল দোয়েল। ভেবেচিন্তে বের করল কেমন করে ভালোমন্দ খাওয়াবে সে শেয়ালকে। গাঁয়ে উড়ে গেল সে। গ্রাম থেকে মুরগি এনে দিলো সে শেয়ালকে।
চেটেপুটে খেয়ে শেয়াল বললঃ
"দোয়েল, দোয়েল, খাইয়েছিস আমাকে তুই ভালোমন্দ?"
"হ্যাঁ। খাইয়েছি।"
"ঠিক আছে, এবার আমায় ভালো পানীয় এনে দে। খুব তেষ্টা পেয়েছে।"
ভয়ে কেঁদে ফেলল দোয়েল। ভেবেচিন্তে বের করল কেমন করে ভালো তেষ্টা মেটানো যায় শেয়ালের।

গাঁয়ে উড়ে গেল সে। কৃষকের কুয়ো থেকে জল এনে দিলো সে শেয়ালকে।
আকণ্ঠ পান করে শেয়াল বললঃ
“দোয়েল, দোয়েল পান করিয়েছিস তুই আমাকে?”
“হ্যাঁ, করিয়েছি।”
“বেশ, এবারে আমাকে এই গর্ত থেকে টেনে বের কর।”

ভয়ে কেঁদে ফেলল দোয়েল। ভেবেচিন্তে বের করল কেমন করে গর্ত থেকে বের করা যায় শেয়ালকে। ছোট ছোট কাঠকুটো যোগাড় করল বেশ কিছু। নিয়ে এলো সরু সরু গাছের ডাল। তারপর ফেলতে লাগল সব গর্তের ভেতরে। জমে উঠতে লাগল সব গর্তে। সেই জমা ডালপালায় পা রেখে বেয়ে বেয়ে গর্ত থেকে উঠে এলো সেয়ানা শেয়াল। গাছের তলে শুয়ে আড়মোড়া ভেঙে নিলো সে। বললঃ

"বেশ লাগছে রে দোয়েল! তুই খাইয়েছিস আমাকে তুই ভালোমন্দ?"

"হ্যাঁ। খাইয়েছি।"

"পান করিয়েছিস তুই আমাকে?"

"হ্যাঁ, করিয়েছি।"

"গর্ত থেকে টেনে উঠিয়েছিস আমাকে?"
"হ্যাঁ টেনে উঠিয়েছি।"
"বেশ, তবে এবার আমাকে হাসা। ফুর্তি করা দরকার একটু।"
ভয়ে কেঁদে ফেলল দোয়েল। ভেবেচিন্তে বের করল কেমন করে হাসানো যায়।
"ঠিক আছে, আমি উড়ছি, এসো তুমি আমার পেছন পেছন।"

গাঁয়ে উড়ে গেল দোয়েল। সেয়ানা শেয়াল গেল পেছন পেছন। কৃষক বাড়ির বন্ধ ফটকের উঁচুতে বসল দোয়েল। সেয়ানা শেয়াল হামাগুড়ি দিয়ে ফটকের নিচ দিয়ে গলে গেল বাড়ির ভেতর।
তক্ষুনি দোয়েল জোরে চেঁচিয়ে উঠলঃ
“দিদিমা, দিদিমা, আমাকে কয়টা পিঠে দেবে? দিদিমা, দিদিমা, আমাকে কয়টা পিঠে দেবে?”
বাড়ির কুকুরেরা ছুটে বেরিয়ে এলো দোয়েলের ডাক শুনে। টুঁটি চেপে ধরতে চাইল শেয়ালের। ধাওয়া করে গ্রামের বাইরে তাড়িয়ে দিলো শেয়ালকে।

ছবি এঁকেছেন ম. মিয়েঝেনিনভ

ইংরেজি অনুবাদ করেছেন ইয়েভগেনি স্পিরিন
(সাসনোভোবরস্ক, ক্রাসনয়ারস্ক অঞ্চল, রাশিয়া)
সম্পাদনা করেছেন অরভিন্দ গুপ্তা (পুনে, ভারত)
বাংলা অনুবাদ করেছেন চৈতী রহমান (ঢাকা, বাংলাদেশ)
লেআউট করেছেন ইয়েভগেনি স্পিরিন

আন্তর্জাতিক প্রজেক্ট
মিনি প্রগতি এবং মিনি রামধনু

MINI PROGRESS & MINI RADUGA